সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিষ্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ সা:মে:ই-১/সা:মে:ই-২
◇ নথি
ডাইরি নং
তারিখঃ 13/01/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৯-২০২০ অর্থবছরের নভেম্বর ২০১৯ মাসের জিওবি অর্থায়নে বাস্তবায়িত এডিপি'র বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সভার তারিখ	২৯ ডিসেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:৩১ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

১. উপস্থাপনা :

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরে এ বিভাগের আওতায় ১৭৬টি প্রকল্প বাস্তবায়নাধীন রয়েছে, এর মধ্যে ১৫০টি জিওবি অর্থায়নে, ১৯টি প্রকল্প সাহায্য এবং ৭টি কারিগরী সহায়তা প্রকল্প। এ প্রকল্পগুলোর অনুকূলে ২৪৭২২.১৭ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে জিওবি খাতে বরাদ্দ ১৫৩৮৩.০২ কোটি টাকা। অদ্যকার সভায় সংস্থা প্রধানগণ, সড়ক ও জনপথ অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ, প্রকল্প পরিচালকগণসহ মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ তাঁদের বক্তব্য উপস্থাপন করেন। সভায় প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অর্থ ব্যয় পরিস্থিতি, বাস্তবায়ন সমস্যা এবং এর সমাধানের উপায় নিয়ে পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

২. আলোচনা ও সিদ্ধান্ত :

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১ এডিপি বাস্তবায়ন	সভায় আলোচনা করা হয় যে, এ বিভাগের চলতি অর্থবছরের এডিপি বরাদ্দের মধ্যে নভেম্বর ২০১৯ পর্যন্ত জিওবি অর্থের ২৩.১৪% ব্যয় হয়েছে। সওজ অধিদপ্তরের জোনভিত্তিক এডিপি বাস্তবায়ন অগ্রগতি (সংযুক্ত ছক)-এ দেয়া হয়েছে। সভায় অবহিত করা হয় যে, নভেম্বর ২০১৯ পর্যন্ত এডিপি বাস্তবায়ন হার ১৯.৪৩%। যা জাতীয় গড় ১৯.২৪% এর তুলনায় সামান্য বেশী। যে সকল প্রকল্পের ক্ষেত্রে অর্থ ছাড় করা হলেও কোন অর্থ ব্যয় হয়নি সে সকল প্রকল্পের অর্থ ব্যয় নিশ্চিত করে কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি কাঙ্খিত পর্যায়ে উন্নীত করার ব্যবস্থা নেয়া হচ্ছে মর্মে সভায় জানানো হয়। যে প্রকল্পে ভূমি অধিগ্রহণের কার্যক্রম রয়েছে তা দ্রুত সম্পন্ন করে নির্মাণ কাজ শুরু করার উদ্যোগ নেয়ার নির্দেশনা দেয়া হয়। যে সকল জোনের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় গড়ের চেয়ে কম রয়েছে সে সকল জোনের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	ক) যে সকল জোনের বাস্তবায়ন অগ্রগতি জাতীয় গড়ের চেয়ে কম সে সকল জোনের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) যে প্রকল্পে ভূমি অধিগ্রহণের কার্যক্রম রয়েছে তা দ্রুত সম্পন্ন করে নির্মাণ কাজ শুরু করার উদ্যোগ গ্রহণ করতে হবে। গ) প্রকল্পের প্যাকেজভিত্তিক অগ্রগতির তথ্য নির্ধারিত ছকে আগামী ১৬/০১/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালকগন ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল জোন

২.২ সংশোধিত অননুমোদিত, মেয়াদ উত্তীর্ণ ও সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্প	সভায় আলোচনা করা হয় যে, চলতি অর্থবছরে সমাপ্তির জন্য নির্ধারিত প্রকল্পসমূহের হালনাগাদ প্রতিবেদন চূড়ান্ত করা প্রয়োজন। চলতি অর্থবছরে সমাপ্য প্রকল্পসমূহের তালিকা নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়। যে সকল প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত থাকা সত্ত্বেও সমাপ্ত হবেনা সে সকল প্রকল্পের মেয়াদ বৃদ্ধির উদ্যোগ যথাসময়ে গ্রহণ করার পরামর্শ দেয়া হয়।	ক) চলতি অর্থবছরে সমাপ্তির সমাপ্য প্রকল্পসমূহের তালিকা চূড়ান্ত করে তা আগামী ১৬/০১/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে। খ) যে সকল প্রকল্প সমাপ্তির জন্য নির্ধারিত থাকা সত্ত্বেও সমাপ্ত হবেনা সে সকল প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ২৫ জানুয়ারীর মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সকল সংস্থা/ প্রকল্প পরিচালক
২.৩ অর্থ ছাড়	সংস্থা প্রধানগণ জানান যে, ২০১৯-২০২০ অর্থবছরের এডিপি বরাদ্দ ছাড়করণ ও ব্যয় নিশ্চিতকরণের উদ্যোগ নেয়া হয়েছে। অর্থ ছাড়ের সাথে আর্থিক অগ্রগতি নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	অর্থ ছাড়ের সাথে সামঞ্জস্যপূর্ণ আর্থিক অগ্রগতি নিশ্চিত করতে হবে।	সকল সংস্থা
২.৪ পিসিআর	সভায় অবহিত করা হয় যে, ২০১৯-২০২০ অর্থবছরের সমাপ্ত প্রকল্পের পিসিআর মন্ত্রণালয়ে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এছাড়া, আইএমইডির সুপারিশসমূহ বাস্তবায়ন নিশ্চিতকরণের জন্য নির্দেশনা দেয়া হয়। এ প্রসঙ্গে সভায় নির্দেশনা প্রদান করা হয় যে, আইএমইডি'র প্রতিবেদনের ওপর গৃহীত ব্যবস্থা গ্রহণ করে তা নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করা নিশ্চিত করতে হবে।	ক) আইএমইডির সুপারিশসমূহ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। খ) আইএমইডি'র প্রতিবেদনের ওপর গৃহীত ব্যবস্থা গ্রহণ করে তা নিয়মিতভাবে এ বিভাগকে অবহিত করা নিশ্চিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল সংস্থা
২.৫ গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ প্রকল্প (১০টি গুচ্ছ প্রকল্প)	গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (ময়মনসিংহ জোন, রাজশাহী জোন ও বরিশাল জোন) শীর্ষক প্রকল্পসমূহের ডিপিপি সংশোধনে বিলম্ব হওয়ায় এবং বিলম্বে ত্রুটিপূর্ণ ডিপিপি প্রেরণ করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। অন্যান্য জোনের প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করার পরামর্শ দেয়া হয়।	ক) প্রকল্পের মেয়াদ বৃদ্ধিসহ সংশোধিত ডিপিপি অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) অন্যান্য জোনের প্রকল্পসমূহ যথাযথভাবে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক (সকল জোন)
২.৬ ফেরী ও পন্টুন নির্মাণ/পুনঃনির্মাণ প্রকল্প	যে সকল মালামাল বন্দরে খালাসের অপেক্ষায় রয়েছে বিলম্ব মাসুল পরিহার করে সেগুলো ছাড়ের জন্য ব্যবস্থা গ্রহণ করে এ বিভাগকে প্রতিবেদন আকারে অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	যে সকল মালামাল বন্দরে খালাসের অপেক্ষায় রয়েছে বিলম্ব মাসুল পরিহার করে সেগুলো ছাড়ের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, মেকানিক্যাল)
২.৭ নতুন অনুমোদিত প্রকল্প	সভায় অবহিত করা হয় যে, নতুন অনুমোদিত প্রকল্পসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা গ্রহণ করে তা মন্ত্রণালয়কে অবহিত করা হবে। প্রকল্পের প্যাকেজ ভিত্তিক ক্রয় পরিকল্পনা প্রণয়নপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে। এছাড়া, ভূমি অধিগ্রহণ, ইউটিলিটি স্থানান্তর ও প্রকল্পের সেতু ও পেভমেন্ট ডিজাইন প্রস্তুতের কাজ সম্পন্ন করার উদ্যোগ নেয়া হচ্ছে। সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও প্যাকেজভিত্তিক ক্রয় পরিকল্পনা প্রণয়নে বিলম্ব পরিহার করার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়।	অনুমোদিত নতুন প্রকল্পসমূহের সময়ভিত্তিক কর্মপরিকল্পনা ও প্যাকেজভিত্তিক ক্রয় পরিকল্পনা আগামী ১৬/০১/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে।	সকল সংস্থা/ সকল প্রকল্প পরিচালক
২.৮ অননুমোদিত প্রকল্প	সভায় আলোচনা করা হয় যে, গৃহীতব্য উন্নয়ন প্রকল্পের অগ্রাধিকার তালিকা অনুযায়ী অনুমোদন প্রক্রিয়া গ্রহণ করা সমীচীন। ফিজিবিলিটি স্ট্যাডি যথাযথমানে নিশ্চিত করা দরকার। পরামর্শক কর্তৃক প্রস্তুতকৃত ড্রইং, ডিজাইন সওজ অধিদপ্তর কর্তৃক সরেজমিন যাচাই করে গ্রহণ করা যুক্তিসঙ্গত।	ক) গৃহীতব্য উন্নয়ন প্রকল্পের অগ্রাধিকার তালিকা প্রণয়নপূর্বক তা অনুমোদনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) প্রকল্প সংশোধন তথা ব্যয় ও সময় বৃদ্ধি পরিহারের লক্ষ্যে যথাযথমানে ফিজিবিলিটি স্ট্যাডি নিশ্চিত করতে হবে। গ) পরামর্শক কর্তৃক প্রস্তুতকৃত ড্রইং, ডিজাইন সওজ অধিদপ্তর কর্তৃক সরেজমিন যাচাই করে তা গ্রহণ নিশ্চিত করতে হবে।	সকল সংস্থা এবং অতিরিক্ত প্রধান প্রকৌশলী সকল জোন

২.৯ সড়কের সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি নিশ্চিতকরণ	যে সকল প্রকল্পে সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত রয়েছে তা স্থাপন নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। নতুন প্রকল্পের ক্ষেত্রে বাস্তব চাহিদার ভিত্তিতে সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি ডিপিপি'তে অন্তর্ভুক্ত করার পরামর্শ প্রদান করা হয়।	ক) যে সকল প্রকল্পে সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি বিষয় অন্তর্ভুক্ত রয়েছে তা স্থাপন নিশ্চিত করতে হবে। খ) নতুন প্রকল্পের ক্ষেত্রে বাস্তব চাহিদার ভিত্তিতে সাইন, সিগন্যাল, রোড মার্কিং ইত্যাদি ডিপিপি'তে অন্তর্ভুক্ত করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালকগণ
২.১০ বিবিধ	এডিপি রিভিউ সভার সিধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়। PMP'র অগ্রাধিকার বিবেচনায় জনপ্রতিনিধিদের গুরুত্বপূর্ণ চাহিদাসমূহ বাস্তবতার নিরিখে নিশ্চিতকরণের পরামর্শ প্রদান করা হয়। আরএডিপি প্রস্তাবে অর্থ বরাদ্দের চাহিদা যৌক্তিকতার আলোকে নির্ধারণ করার নির্দেশনা দেয়া হয়। আইএমইডি'তে এ বিভাগের প্রকল্পসমূহের অঙ্গভিত্তিক মাসিক অগ্রগতির প্রতিবেদন প্রেরণের লক্ষ্যে আইএমইডি-০৫ ছকে প্রতিমাসের ০২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়। যে সকল প্রকল্পে যানবাহন, সরঞ্জামাদি ইত্যাদি ক্রয়ের ব্যবস্থা রয়েছে তা মেকানিক্যাল উইং এর মাধ্যমে ক্রয় কাজ সম্পন্ন করার অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করার নির্দেশনা দেয়া হয়। ঈদে যাত্রীদের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করার জন্য সড়ক সংস্কার ও উন্নয়নের কর্মপরিকল্পনা প্রণয়ন করে তার বাস্তবায়ন নিশ্চিত করার পরামর্শ দেয়া হয়। প্রকল্পভিত্তিক ব্যয়ের হালনাগাদ তথ্য প্রতি মাসের ২৫ তারিখ সমন্বিত প্রতিবেদন আকারে সংস্থা প্রধানগণ এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন। রাজাপুর-কাঁঠালিয়া-আমুয়া-বামনা-পাথরঘাটা মহাসড়ক (জেড-৮৭০৮) উন্নয়ন প্রকল্পটির ভেরিয়েশন প্রস্তাবের বিষয়াদি সমন্বয় করে উপপ্রধান (সওজ জিওবি)-কে সংশ্লিষ্ট মনিটরিং টীম এর সাথে প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রতিবেদন প্রণয়নের জন্য বলা হলো। প্রকল্পের মেয়াদ বৃদ্ধি বা সংশোধন প্রক্রিয়া বিধি মোতাবেক প্রকল্প সমাপ্তির ০৩ মাস পূর্বে আবশ্যিকভাবে সম্পন্ন করার নির্দেশনা দেয়া হলো। অন্যথায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।	ক) এডিপি রিভিউ সভার সিধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে; খ) PMP'র অগ্রাধিকার বিবেচনায় জনপ্রতিনিধিদের গুরুত্বপূর্ণ চাহিদাসমূহ বাস্তবতার নিরিখে নিশ্চিত করতে হবে; গ) আরএডিপি প্রস্তাবে অর্থ বরাদ্দের চাহিদা যৌক্তিকতার আলোকে নির্ধারণ করতে হবে; ঘ) প্রকল্পের অঙ্গভিত্তিক মাসিক অগ্রগতির প্রতিবেদন আইএমইডি'তে প্রেরণের লক্ষ্যে আইএমইডি-০৫ ছকে প্রতিমাসের ০২ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে; ঙ) যে সকল প্রকল্পে যানবাহন, সরঞ্জামাদি ইত্যাদি ক্রয়ের ব্যবস্থা রয়েছে তা মেকানিক্যাল উইং এর মাধ্যমে ক্রয় কাজ সম্পন্ন করার অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন আগামী ১৬/০১/২০২০ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে; চ) ঈদে যাত্রীদের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করার জন্য সড়ক সংস্কার ও উন্নয়নের কর্মপরিকল্পনা প্রণয়ন করে তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে; ছ) প্রকল্পভিত্তিক ব্যয়ের হালনাগাদ তথ্য প্রতি মাসের ২৫ তারিখ সমন্বিত প্রতিবেদন আকারে সংস্থা প্রধানগণ এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন; জ) রাজাপুর-কাঁঠালিয়া-আমুয়া-বামনা-পাথরঘাটা মহাসড়ক (জেড-৮৭০৮) উন্নয়ন প্রকল্পটির ভেরিয়েশন প্রস্তাবের বিষয়াদি সমন্বয় করে উপপ্রধান (সওজ জিওবি) সংশ্লিষ্ট মনিটরিং টীম এর সাথে প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রতিবেদন প্রণয়ন করবেন; ঝ) প্রকল্পের মেয়াদ বৃদ্ধি বা সংশোধন প্রক্রিয়া বিধি মোতাবেক প্রকল্প সমাপ্তির ০৩ মাস পূর্বে আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে। জানুয়ারী ২০২০ এর ২০ তারিখের মধ্যে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে অন্যথায় সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।	সওজ অধিদপ্তর অন্যান্য সংস্থা প্রধান এবং পরিকল্পনা উইং

৩. সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম

সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৮.১৯.১১ তারিখ: ২৫ পৌষ ১৪২৬

০৯ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

২) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৩) সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা

৪) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৬) প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট সকল প্রকল্প পরিচালককে কার্যবিবরণী প্রেরণের অনুরোধসহ)

৭) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৮) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১০) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ

১১) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

১২) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন

১৩) যুগ্ম সচিব, বিআরটিসি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৪) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৬) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা

১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

আবদুল্লাহ-আল-মাসুদ

সিনিয়র সহকারী প্রধান